তথ্য ও ... ডকুমেন্টেশন কেন্দ্র



তারিখ ... 25 NOV 1988 ...
পৃষ্ঠা ... 10 ... কলাম 5 ...



২৫/১১ 25 NOV 1988


## রায়হান কুমিল্লা বোর্ডে পঞ্চম

রায়হান কিবরিয়া (রানা) সম্প্রতি প্রকাশিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কুমিল্লা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় পঞ্চম স্থান অধিকার করে। সে ১৯৮৬ সনে এস, এস সি পরীক্ষায়ও পঞ্চম স্থান অধিকার করিয়াছিল। রায়হান চৌমুহনী কলেজের অধ্যাপক গোলাম কিবরিয়া ও গনিপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষিকা নূর জাহান আরা বেগমের একমাত্র পুত্র। সে প্রকৌশলী হওয়ার ইচ্ছা পোষণ করে।



## মঈন কুমিল্লা বোর্ডে নবম

ফৌজদারহাট ক্যাডেট কলেজের ছাত্র আবু ইসা মোহাম্মদ মঈনউদ্দিন এইচ এসসি পরীক্ষায় কুমিল্লা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় ৯ম স্থান অধিকার করিয়াছে। প্রাপ্ত মোট নম্বর ৪টি বিষয়ে লেটারসহ ৮৬১। আবু তাহের মোল্লা ও মজিদা খানমের কনিষ্ঠ সন্তান মঈন ভবিষ্যতে একজন প্রকৌশলী হইতে আগ্রহী।



## রুবেল কুমিল্লা বোর্ডে তৃতীয়

ইকবাল মুরশেদ কবীর রুবেল এবারের এইচ, এস-সি পরীক্ষায় ফৌজদারহাট ক্যাডেট কলেজ হইতে কুমিল্লা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় তৃতীয় স্থান লাভ করিয়াছে। সে এস,এস-সিতে ২য় হইয়াছিল। রুবেল জীবন বীমা কর্পোরেশনের সাবেক কর্মকর্তা আহমদ কবীর চৌধুরীর পুত্র।



## রুমা যশোর বোর্ডে মানবিক বিভাগে ৫ম

খুলনা সরকারী মহিলা কলেজের ছাত্রী নাসরীণ আহমেদ (রুমা) চলতি বৎসর এইচ,এস,সি পরীক্ষায় যশোর বোর্ডে মানবিক বিভাগ হইতে মেয়েদের মধ্যে প্রথম ও সম্মিলিত তালিকায় ৫ম স্থান অধিকার করিয়াছে। রুমা করটিয়া সাদত বিশ্ববিদ্যালয় কলেজের সাবেক অধ্যক্ষ ও বর্তমানে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষের পদে নিয়োগপ্রাপ্ত নাজির উদ্দিন আহমেদের কন্যা।